

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
সরকারী কার্য ভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।
www.chittagongvat.gov.bd

পত্র নথি নং: ২য়/৬০-ইটি/(ব্যক্তি)/১২/২০১৭

তারিখ: ২০/০৩/২০১৮ খ্রিঃ।

আদেশ

যেহেতু, আপনি জনাব এস এম মাহমুদুল হাসান, সিপাই, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম কর্তৃপক্ষের বিনানুমতিতে গত ০৮/০২/২০১৬ খ্রিঃ তারিখ হতে নিজ কর্মে অনুপস্থিত রয়েছেন;

০২। যেহেতু, অনুপস্থিতির জন্য আপনার বিরুদ্ধে কেন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না, অভিযোগনামা জারিপূর্বক ১০ (দশ) কার্যদিবসের মধ্যে তার কারণ দর্শানোর জন্য এ কমিশনারেটের ২৯/১০/২০১৭ খ্রিঃ তারিখে পত্র নথি নং: ২য়/১৬-ইটি/অভিযোগ/গোপনীয়/১১/২০১৩/৪২৫৫ নং পত্রে আপনার বর্তমান ও স্থায়ী ঠিকানায় নোটিশ প্রেরণ করা হয়;

০৩। যেহেতু, কিন্তু আপনি কোন জবাব প্রদান করেননি। আপনি কর্মস্থলে ০৮/০২/২০১৬ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের বিনানুমতিতে অনুপস্থিতি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২(ডি) বিধি মোতাবেক "ডিজারশন" এর অপরাধ হিসেবে গণ্য। সে কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৩(সি) এ বর্ণিত অপরাধে আপনাকে কেন একই আইনের বিধি-৪(৩)(ডি) মোতাবেক 'চাকরী হতে বরখাস্ত (Dismissal from service)' করা হবে না, নোটিশ জারির তারিখ হতে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে পত্র নথি নং: ২য়/৬০-ইটি/(ব্যক্তি)/১২/০১, তারিখ: ১৬/০১/২০১৮ খ্রিঃ এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হয় এবং নোটিশটি আপনার স্থায়ী ও সর্বশেষ কর্মস্থলের ঠিকানায় প্রেরণ করা হয়।


০৪। যেহেতু, আপনি কোন জবাব দাখিল বা উর্ধতন কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ করেননি;

০৫। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য এ কমিশনারেট এর রাজস্ব কর্মকর্তা, জনাব মোঃ মিজানুর রহমান-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলে তিনি তদন্তপূর্বক দাখিলকৃত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত 'ডিজারশন' এর অভিযোগ প্রমাণিত মর্মে মতামত প্রদান করেন; এবং

০৬। যেহেতু, আপনি জনাব এস এম মাহমুদুল হাসান, সিপাই, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ০৮/০২/২০১৬ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির জন্য জারিকৃত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি এবং আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক 'চাকরী হতে বরখাস্ত (Dismissal from service)' দণ্ড প্রদান করা সমীচীন;

০৭। সেহেতু, আপনি জনাব এস এম মাহমুদুল হাসান, সিপাই, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (৩) (ডি) ধারা মোতাবেক সিপাই পদ এর চাকরী হতে বরখাস্ত (Dismissal from service) করা হলো।

প্রাপক : জনাব এস এম মাহমুদুল হাসান
সিপাই
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,
চট্টগ্রাম।
স্থায়ী ঠিকানা:
গ্রাম- নাহেরপুর, ওয়ার্ড-৪
ডাকঘর- মহাজন হাট,
উপজেলা- মীরসরাই,
জেলা- চট্টগ্রাম।
বর্তমান ঠিকানা:
আব্দুল হাই ম্যানশন (রুপসা বেকারির পার্শ্ব)
ঈদগাঁ, চট্টগ্রাম।


(সৈয়দ গোলাম কিবরীয়া)
কমিশনার
ফোন: ০৩১-২৫২৪০৩৭
ccevatctg@gmail.com

পত্র নম্ব নংঃ ২য়/৬০-ইটি/(ব্যক্তি)/১২/

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। অতিরিক্ত কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম।
- ০২। সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সদর দপ্তর, চট্টগ্রাম। আপনাকে আদেশ পত্রটি স্থানীয় সংবাদ পত্রে প্রকাশের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৩। শাখা ইনচার্জ, কম্পিউটার শাখা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সদর দপ্তর, চট্টগ্রাম। আপনাকে আদেশ পত্রটি অত্র কমিশনারেট এর ওয়েবসাইট এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৪। পি. এ টু কমিশনার (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। অফিস কপি।

(মোঃ শাহাদাত জামিল)

উপ কমিশনার

কমিশনারের পক্ষে

ফোন : ০৩১-৭২১৪৭৯

secstabvatctg@gmail.com